গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
প্রশাসন-৩ শাখা

নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ আজিজুর রহমান
সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ
তারিখ : ১৪-০৩-২০২৪
সময় : সকাল ১০.০০ ঘটিকা

নৈতিকতা কমিটির সভাপতি কমিটির সকল সদস্য এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর এ বিভাগের শুদ্ধাচার ফোকালপয়েন্ট ও যুগ্মসচিব (প্রশাসন) সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। সভায় নৈতিকতা কমিটির ২য় সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা করা হয়। সভার আলোচ্যসূচি অনুযায়ী উপস্থিত সদস্যগণ সভায় আলোচনায় অংশগ্রহণ ও মতামত প্রদান করেন। সভাপতি জানান সংশোধিত এডিপি অনুযায়ী প্রকল্প/ওপি বরাদ্দ যথাসময়ে সম্পূর্ণভাবে ব্যয় নিশ্চিতের বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রী নির্দেশনা দিয়েছেন। সে আলোকে প্রকল্প/ওপিসূহের পরিচালক/লাইন-ডাইরেক্টরগণকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। আলোচনা শেষে সর্বসম্মতভাবে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	আলোচ্যসূচী/আলোচনা	৩য় সভার সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	**স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য:** সভাপতি উদ্ভাবনী চর্চার লক্ষ্যে ই-লার্নিং, ইনভেন্টরি এবং ইলেক্ট্রনিক হাজিরার ক্ষেত্রে গৃহীত কার্যক্রম রাখার বিষয়ে আহ্বান জানান।	ই-লার্নিং, ইনভেন্টরি এবং ইলেক্ট্রনিক হাজিরা চালুকরা/চলমান রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। কর্মস্থলে যথাসময়ে নিয়মিত উপস্থিতির জন্য গুরুত্বারুপ করা হয়।	প্রশাসন অনুবিভাগ/ সংশ্লিষ্ট ফোকাল পারসন/ অধীনস্থ সকল অধিদপ্তর)
২.	**১.প্রাতিষ্ঠানিক ব্যবস্থা**		
	১.১। নৈতিকতা কমিটির সভা	এ বিভাগ এবং অধীনস্ত সকল অধিদপ্তরকে যথাসময়ে নৈতিকতা কমিটির সভা আহ্বান এবং সিদ্ধান্তসমূহ যথাসময়ে বাস্তবায়নের নির্দেশনা প্রদান করা হয়।	এ বিভাগ/ অধীনস্থ সকল অধিদপ্তর
	১.২। নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন		
	১.৩। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা:	এ সংক্রান্ত ২য় সভাটি যথাসময়ে সুন্দরবন, খুলনায় আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রশাসন অধিশাখা
	১.৪। শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/মতবিনিময় সভা আয়োজন:	৩য় কোয়ার্টারে ৪০ জনের শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ যথাসময়ে আয়োজন করতে হবে।	এ বিভাগ/ অধীনস্থ সকল অধিদপ্তর
	১.৫। কর্ম-পরিবেশ উন্নয়ন (নথি বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি): সকল দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করার লক্ষ্যে কর্মপরিবেশ উন্নয়নের উপর সভাপতি গুরত্বারোপ করেন। এ বিভাগের গ শ্রেণির ৩৮টি নথি এবং ঘ শ্রেণির ৬২টি নথিসহ মোট ১০০টি নথি যথাযথভাবে বিনষ্ট করা করা হয়েছে মর্মে সভায় আলোচনা হয়।	নথি বিনষ্টকরণের বিষয়ে গঠিত কমিটি নথি বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি এবং কর্মপরিবেশ উন্নয়নের লক্ষ্যে কার্যক্রম জোরদার করাসহ যথাসময়ে প্রতিবেদন প্রেরণের নির্দেশনা প্রদান করেন। মেডিকেল কলেজসমূহে এবং পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন বিশেষায়িত হাসপতালসহ অন্যান্য প্রতিষ্ঠানসমূহে আকস্মিক পরিদর্শন করে পরিস্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম পর্যবেক্ষণ করতে হবে। পরিচ্ছন্নতা কার্যক্রমে ছাত্র-শিক্ষক সবাইকে সম্পৃক্ত করতে হবে।	এ বিভাগ/ অধীনস্থ সকল অধিদপ্তর

	১.৬। আওতাধীন দপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান:	অধিদপ্তরসমূহ থেকে ৩য় কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন পাওয়ার পর যথসময়ে ৩য় ফিডব্যাক কর্মশালা আয়োজনের নির্দেশনা প্রদান করা হয়। উল্লেখ্য যে, শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা হালনাগাদের লক্ষ্যে এ বিভাগ এবং অধীনস্ত দপ্তরসূহ কর্তৃক প্রেরিত মতামতের বিষয়টি পরবর্তী অর্থবছরের শদ্ধাচার কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্তির জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	এ বিভাগ/ অধীনস্থ সকল অধিদপ্তর
	২.আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন সংক্রান্ত		
	২.১ ২০২৩-২৪ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ:	বাস্তবায়িত	---
	২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের): সভাপতি এ বিভাগ এবং অধীনস্ত দপ্তরসমূহের ক্রয় প্রক্রিয়ায় স্বচ্ছতা ও জবাবদিহিতা এবং যথাযথ মনিটরিং নিশ্চত করার জন্য গুরুত্বারোপ করেন।	সংশোধিত বাজেটে বরাদ্দকৃত সম্পূর্ণ অর্থ বিধি অনুযায়ী ব্যয় নিশ্চিত করতে হবে। পাশাপাশি ক্রয় প্রক্রিয়ায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে এবং যথাযথ মনিটরিং করতে হবে।	বাজেট অধিশাখা/প্রশাসন-২ শাখা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
৩	**২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন:** বার্ষিক উন্নয়ন কর্মসূচির লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ার কারণ উদঘাটন করে পরবর্তী কোয়ার্টারে লক্ষ্যমাত্রা অর্জনের উপর গুরুত্বারোপ করার বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন।	সংশোধিত বাজেটে বরাদ্দকৃত সম্পূর্ণ অর্থ বিধি অনুযায়ী ব্যয় নিশ্চিত করতে হবে। উন্নয়ন অনুবিভাগ সকল অধিদপ্তরকে তাদের নিজ নিজ ওপি/প্রকল্প যথাসময়ে বাস্তবায়নের নির্দেশনা দিবেন। পাশাপাশি বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে এবং যথাযথ মনিটরিং করতে হবে।	উন্নয়ন অনুবিভাগ /প্রশাসন অধিশাখা/বাজেট অধিশাখা, স্বাস্থ শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
	২.৪ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন: এ বিভাগের সর্বশেষ সংশোধিত কর্মপরিকল্পনায় ৩য় কোয়ার্টারে ০৮টি PSC সভা নির্ধারিত সময়ে অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা হয়। সভাপতি সভাকে অবহিত করেন যে, HED ও PWD হতে কোনো প্রতিষ্ঠানের মেরামত প্রস্তাব প্রেরণের সময় উক্ত প্রকল্প/প্রস্তাব অন্য কোনো OP বা অন্য কোনো সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন নয় মর্মে প্রত্যয়ন প্রয়োজন। HED এর সকল কার্যক্রমে	PSC সভাসমূহ নির্ধারিত সময়ে অনুষ্ঠানের নির্দেশনা প্রদান করা হয়। DPP-এর নির্দেশনা মোতাবেক HED কে মেরামত ও নির্মাণ কার্যক্রম সম্পন্ন করতে হবে। HED এর সকল কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা ও মনিটরিং অব্যাহত রাখতে হবে।	উন্নয়ন অনুবিভাগ /পরিকল্পনা অধিশাখা, স্বাস্থ শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

	স্বচ্ছতা, জবাবদিহিতা ও মনিটরিং অব্যাহত রাখতে হবে।		
	২.৫ প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা: সভাপতি সভাকে অবহিত করেন যে, সমাপ্ত প্রকল্পের গাড়ির তালিকা, ব্যবহারকারির নাম ও পদবি উল্লেখপূর্বক নির্ধারিত ছকমোতাবেক তথ্যাদিসহ সার্ভিসিং-এর প্রস্তাব এ বিভাগে প্রেরণ করতে হবে। এছাড়া কম্পিউটার সামগ্রি ও আসবাবপত্রের যথাযথ তালিকা প্রতিবেদনে উল্লেখ করতে হবে। যুগ্মসচিব, পরিকল্পনা সভাকে জানান যে, সুপার স্পেশালাইজড হাসপাতাল, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় এর প্রকল্পের মেয়াদ ৩১/১২/২০২৪ পর্যন্ত বর্ধিত করা হয়েছে। ফলে এই অর্থবছরে এ বিভাগের কোনো সমাপ্ত প্রকল্প নেই মর্মে মন্ত্রিপরিষদ বিভাগকে জানিয়ে দেয়া যেতে পারে।	সুপার স্পেশালাইজড হাসপাতাল, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় এর প্রকল্পের মেয়াদ ৩১/১২/২০২৪ পর্যন্ত বর্ধিত করা হয়েছে। ফলে এই অর্থবছরে এ বিভাগের কোনো সমাপ্ত প্রকল্প নেই মর্মে মন্ত্রিপরিষদ বিভাগকে জানিয়ে দিতে হবে। বর্ধিত মেয়াদ শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর কার্যক্রম সম্পন্ন করতে হবে।	এ বিভাগ/ অধীনস্থ সকল অধিদপ্তর
৪	**৩.দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রম**		
	৩.১ সরকারী যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ:	এ বিষয়ে লক্ষ্যমাত্রা অনুযায়ী বছরান্তে সরকারী যানবাহনের যথাযথ ব্যবহারের প্রত্যয়ন দাখিল করতে হবে।	এ বিভাগ/ অধীনস্থ সকল অধিদপ্তর
	৩.২ ৫০টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার/মা ও শিশু কল্যাণ কেন্দ্রের সেবার মানোন্নয়নের লক্ষ্যে প্রতিটি ০২ বার করে পরিদর্শন : যুগ্মসচিব (প্রশাসন) জানান যে, ১ম এবং ২য় কোয়ার্টারে ২৫টি করে মোট ৫০টি প্রতিষ্ঠান পরিদর্শন সম্পন্ন হয়েছে। ১ম এবং ২য় কোয়ার্টারে পরিদর্শনকৃত প্রতিটি প্রতিষ্ঠানকে পুনরায় পরিদর্শনের জন্য পরিদর্শনকারীগণকে অবহিত করা হয়েছে।	লক্ষ্যমাত্রা অনুযায়ী পরিদর্শন সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	দায়িত্বপ্রাপ্ত সকল কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
	৩.৩ পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন ০৩টি বিশেষায়িত হাসপাতাল পর্যবেক্ষণ ও সেবার মনোন্নয়ন: যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, ৩য়	২০০ শয্যা বিশিষ্ট মাতৃ ও শিশু স্বাস্থ্য হাসপাতাল, লালকুঠি, মিরপুর-১, ঢাকা-এর বেড অকোপেন্সি বৃদ্ধি করাসহ সেবার মানোন্নয়ন ও সেবার কার্যক্রম মনিটরিং বিষয়ে করণীয় নির্ধারণে মহাপরিচালক,	প.প. অধিদপ্তর/স্বা.শি. অধিদপ্তর

	কোয়ার্টারে ০৩টি পরিদর্শন প্রতিবেদন প্রদানের লক্ষ্যমাত্রা রয়েছে। এ প্রসঙ্গে সভাপতি জানান যে, পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন ০৩টি বিশেষায়িত হাসপাতালের সেবার মান বৃদ্ধি করতে হবে। উক্ত প্রতিষ্ঠানসমূহে বেড অকোপেন্সি বৃদ্ধি করাসহ সেবা কার্যক্রম মনিটরিং এর জন্য মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর এর নেতৃত্বে গঠিত কমিটির কার্যক্রম সম্পর্কে জানতে চান। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর সভাকে বলেন ০৩ সদস্য বিশিষ্ট গঠিত কমিটি প্রতিবেদন দাখিল করেছে। এছাড়াও সভাপতি BSMMU এবং BCPS-এ পোস্ট গ্রাজুয়েট কোর্সে অধ্যয়নরত প্রশিক্ষণার্থী চিকিৎসকগণকে পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন ০৩টি বিশেষায়িত হাসপাতালে (মাতৃসদন ও শিশুস্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান, আজিমপুর/মোহাম্মদপুর/মিরপুর) সংযুক্ত করার বিষয়ে মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর-এর নিকট জানতে চাইলে মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর বলেন এ বিষয়ে BCPS-এর সভাপতি ও বিএসএমএমইউ এর উপাচার্য-এর সাথে আলোচনা চলমান রয়েছে।	পরিবার পরিকল্পনা অধিদপ্তর এর নেতৃত্বে গঠিত কমিটির প্রতিবেদন সংগ্রহ করতে হবে। প্রতিবেদনের সুপারিশ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করতে হবে। BSMMU এবং BCPS-এ পোস্ট গ্রাজুয়েট কোর্সে অধ্যয়নরত প্রশিক্ষণার্থী চিকিৎসকগণকে পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন ০৩টি বিশেষায়িত হাসপাতালে (মাতৃসদন ও শিশুস্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান, আজিমপুর/মোহাম্মদপুর/মিরপুর) সংযুক্ত করার বিষয়ে মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের করবে।	
	৩.৪ পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সকল ইউনিটের সকল ক্রয় ও সংগ্রহ কার্যক্রম পর্যবেক্ষণ ও অপচয় রোধকরণ: যুগ্মসচিব (প্রশাসন) সভাকে জানান যে, এ লক্ষ্যে গঠিত কমিটি ৩য় কোয়ার্টারে ০৩টি পরিদর্শন প্রতিবেদন প্রদানের লক্ষ্যমাত্রা রয়েছে।	পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ক্রয় প্রক্রিয়ায় স্বচ্ছতা ও জবাবদিহিতা এবং যথাযথ মনিটরিং নিশ্চত করতে হবে। লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাসময়ে পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করতে হবে।	এ সংক্রান্ত গঠিত কমিটি

০২। অতঃপর সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮.০৩.২৪

(মোঃ আজিজুর রহমান)
সচিব
ও
সভাপতি
নৈতিকতা কমিটি
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ